গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত নিয়ন্ত্রণ কেন্দ্র
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
ইমেইলঃ bdcoronasaver@gmail.com

মুজিব বর্ষে স্বাস্থ্যখাত
এগিয়ে যাবে অনেক ধাপ

নভেল করোনাভাইরাস ২০১৯ (COVID-19) সংক্রান্ত পরিস্থিতি

তারিখ: ৩০ মার্চ, ২০২০

স্বাস্থ্য অধিদপ্তরের সংবাদ বিজ্ঞপ্তি

	১ ২৪ ঘন্টায় আক্রান্ত		৪৯ মোট আক্রান্ত		১৯ মোট সুস্থ		৫ মোট মৃত্যু
		৫৮,১০১ মোট কোয়ারেন্টাইন		৩৩,৯৮৮ কোয়ারেন্টাইন হতে ছাড়প্রাপ্ত		২৪,১১৩ বর্তমান কোয়ারেন্টাইন	
		৩৪৬ মোট আইসোলেশন		২৮৮ আইসোলেশন হতে ছাড়প্রাপ্ত		৫৮ বর্তমান আইসোলেশনে	

স্বাস্থ্য অধিদপ্তরের করোনা বিষয়ক নিয়মিত সংবাদ সম্মেলনের অংশ হিসেবে আজ বেলা ১২.১৫ ঘটিকায় অধিদপ্তরের ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এমআইএস) -এর কনফারেন্স কক্ষে অনলাইন প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়। নিজ বাস ভবন থেকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব জাহিদ মালেক, এমপি মহোদয় এবং স্বাস্থ্য অধিদপ্তর থেকে পরিচালক (এমআইএস) এন্ড লাইন ডাইরেক্টর (এইচআইএস এন্ড ই-হেল্থ) ডাঃ মোঃ হাবিবুর রহমান এবং রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর)-এর পরিচালক অধ্যাপক ডাঃ মীরজাদী সেব্রিনা ফ্লোরা ব্রিফিং এ অংশ নেন।

- মন্ত্রী মহোদয় প্রেস ব্রিফিং এ সক্রিয়ভাবে কোভিড-১৯ মোকাবেলায় ডাক্তার, নার্সসহ সকল কর্মকর্তা সর্বদা নিয়োজিত থাকায় তাদেরকে ধন্যবাদ জানান। তিনি বলেন এখন পর্যন্ত কোভিড-১৯ বিষয়ক কার্যক্রম যথাযথভাবে হচ্ছে। তিনি জানান যে, বিশ্বস্বাস্থ্য সংস্থা এবং জাতিসংঘ বাংলাদেশের গৃহীত পদক্ষেপসমূহ সঠিকপথে আছে বলে মনে করছে। শিষ্টাচার মেনে চলা, আইসোলেশন এবং কোয়ারেন্টাইনের মাধ্যমে কোভিড-১৯ প্রতিরোধ সম্ভব। তিনি বিভিন্ন সংস্থাসহ সবাইকে নিয়মিত কাজ করার আহবান জানান। তিনি সংশ্লিষ্ট সকলকে ভুল তথ্য পরিবেশন থেকে বিরত থাকার অনুরোধ জানান যাতে জনমনে অহেতুক আতঙ্কের সৃষ্টি না হয়। তিনি জানান দেশের পিপিই, টেস্ট কিট এবং প্রয়োজনীয় জনবলের কোন ঘাটতি নেই। কাউকে চিকিৎসার বাইরে রাখা যাবে না। তিনিসহ সংশ্লিষ্ট সকলেই কোভিড-১৯ নিয়ন্ত্রণে কাজ করে যাচ্ছেন। তিনি জানান মাননীয় প্রধানমন্ত্রী আমাদের সার্বক্ষণিক দিক নির্দেশনা প্রদান করছেন। মাননীয় মন্ত্রী আশা প্রকাশ করেন সবাই মিলে কাজ করলে শ্রীঘ্রই দেশ করোনা ভাইরাস মুক্ত হবে।

- ব্রিফিং এ পরিচালক, এমআইএস জানান - কোভিড-১৯ চিকিৎসা ব্যবস্থাপনা ও হাসপাতাল সংক্রমণ এবং নিয়ন্ত্রণের জন্য ইতোমধ্যে ৭১০ জন চিকিৎসক ও ৪৩ জন নার্সকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাছাড়া অনলাইন এ ৯,৬৯৫ জন চিকিৎসককে কোভিড-১৯ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাছাড়া দেশের সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানের মেডিকেল টেকনোলজিষ্টদের কোভিড-১৯ পরীক্ষার নমুনা সংগ্রহ ও পরিবহন বিষয়ে একাধিকবার ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সর্বশেষ আজ ১৯০টি স্বাস্থ্য প্রতিষ্ঠানের সকল মেডিকেল টেকনোলজিস্টদের ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রশিক্ষণ দেয়া হয়েছে। প্রশিক্ষণপ্রাপ্ত মেডিকেল টেকনোলজিস্টগণ নিজ নিজ প্রতিষ্ঠান এবং ইপিআই সার্ভিলেন্স টিমের মাধ্যম সন্দেহভাজন/রোগী (কোভিড-১৯) বাড়ী থেকে নমুনা সংগ্রহ করবেন এবং নমুনাগুলো পিসিআর ল্যাবে প্রেরণ করবেন।

- প্রেস ব্রিফিং এ আইডিসিআর এর পরিচালক অধ্যাপক ডাঃ মীরজাদী সেব্রিনা ফ্লোরা বিশ্ব কোভিড- ১৯ পরিস্থিতি

দক্ষিন এশিয়া পরিস্থিতি এবং বাংলাদেশের গত ২৪ ঘণ্টায় কোভিড-১৯ আক্রান্ত রোগী এবং রোগ নির্ণয়ের জন্য পিসিআর টেস্টসহ সার্বিক পরিস্থিতি বর্ণনা করেন।

বৈশ্বিক ও আঞ্চলিক পরিস্থিতি (সূত্র: বিশ্ব স্বাস্থ্য সংস্থা)

(Source link: https://www.who.int/docs/default-source/coronaviruse/situation-reports/20200329-sitrep-69-covid-19.pdf?sfvrsn=8d6620fa_2

আজ পর্যন্ত বিশ্বে সর্বমোট **৬,৩৪,৮৩৫** জন করোনা ভাইরাসে আক্রান্ত রোগী সনাক্ত হয়েছে। এদের মধ্যে মৃত্যুবরণ করেছেন **২৯,৯৫৭** জন। গত ২৪ ঘন্টায় বিশ্বে মোট আক্রান্ত রোগীর সংখ্যা **৬৩,১৫৯** জন, যাদের মধ্যে মৃত্যুর সংখ্যা **৩,৪৬৪** । দক্ষিণ-পূর্ব এশিয়ায় গত ২৪ ঘন্টায় মোট আক্রান্ত রোগীর সংখ্যা **৬২৪** জন এবং মৃত্যুসংখ্যা **২৫** । এ অঞ্চলে এ পর্যন্ত করোনা ভাইরাসে আক্রান্ত রোগী পাওয়া গেছে **৩,৭০৯** জন এবং মোট মৃত্যুসংখ্যা **১৩৯** ।

বাংলাদেশ পরিস্থিতি

কোভিড-১৯ পরীক্ষা ও সনাক্তকৃত রোগী (সূত্রঃ আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর)

বাংলাদেশে আজ পর্যন্ত মোট ১,৩৩৮ জন ব্যক্তির কোভিড-১৯ পরীক্ষা করা হয়েছে, যার মধ্যে গত ২৪ ঘন্টায় (২৯ মার্চ দুপুর ১২:০০ থেকে ৩০ মার্চ দুপুর ১২:০০) করা হয়েছে ১৫৩ জনের পরীক্ষা। এ পর্যন্ত মোট ৪৯ জন কোভিড-১৯ পজিটিভ রোগী পাওয়া গেছে, যার মধ্যে গত ২৪ ঘন্টায় (২৯ মার্চ দুপুর ১২:০০ থেকে ৩০ মার্চ দুপুর ১২:০০) এ সংখ্যা ১ । বাংলাদেশে **COVID-19** আক্রান্ত হয়ে মোট মৃতের সংখ্যা ৫, তন্মধ্যে গত ২৪ ঘণ্টায় (২৯ মার্চ দুপুর ১২:০০ থেকে ৩০ মার্চ দুপুর ১২:০০) **মৃত্যুর সংখ্যা ০ এবং অদ্যাবধি সুস্থ হয়ে বাড়ী ফিরে গেছেন ১৯ জন এবং চিকিৎসাধীন আছেন ২৫ জন।**

অন্যান্য তথ্যঃ

কোয়ারেন্টাইন সম্পর্কিত তথ্য

(সূত্রঃ হেল্থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম (HEOC & Control Room), স্বাস্থ্য অধিদপ্তর)

	গত ২৪ ঘন্টায় (২৯ মার্চ সকাল ৮:০০ থেকে ৩০ মার্চ সকাল ৮:০০)		৩০ মার্চ ২০২০ পর্যন্ত		বর্তমানে মোট কোয়ারেন্টাইন
	কোয়ারেন্টাইন	ছাড়	কোয়ারেন্টাইন	ছাড়	
হোম কোয়ারেন্টাইন	১,৭৯৭	৪,৪০৮	৫৭,৮৮০	৩৩,৮৯৫	২৩,৯৮৫
হাসপাতাল ও অন্যান্য কোয়ারেন্টাইন	৭	২০	২২১	৯৩	১২৮
সর্বমোট	১,৮০৪	৪,৪২৮	৫৮,১০১	৩৩,৯৮৮	২৪,১১৩

আইসোলেশন সম্পর্কিত তথ্য

(সূত্রঃ আইইডিসিআর/ হেল্থ ইমারজেন্সী এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

	গত ২৪ ঘন্টায় (২৯ মার্চ দুপুর ১২:০০ থেকে ৩০ মার্চ দুপুর ১২:০০)		৩০ মার্চ ২০২০ পর্যন্ত		বর্তমানে আইসোলেশন
	আইসোলেশন	ছাড়	আইসোলেশন	ছাড়	
আইসোলেশন সম্পর্কিত তথ্য	০৬	০৪	৩৪৬	২৮৮	৫৮

মোবাইল ফোনে কোভিড-১৯ এর সেবা প্রদান

(সূত্রঃ এমআইএস/আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর)

	গত ২৪ ঘন্টা	অদ্যাবধি সর্বমোট
১৬২৬৩ (স্বাস্থ্য বাতায়ন)	৭১,২৬৬	৮,৪১,১৮৭
৩৩৩	১,৩৯৭	৩৪,২২২
আইইডিসিআর (01944333222, 10655)	৩,৯৯৭	৭৭,১৬৯
মোট ফোন কলের সংখ্যা	৭৬,৬৬০	৯,৫২,৫৭৮

বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশনে বিদেশ হতে আগত যাত্রীদের স্ক্রিনিং সম্পর্কিত তথ্য
(সূত্রঃ হেল্থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশন	গত ২৪ ঘন্টা	অদ্যাবধি সর্বমোট
আন্তর্জাতিক বিমানবন্দর সমূহ	২৩	৩,২২,৩৪৩
সমুদ্রবন্দর সমূহ	২৪৩	১০,৮৯৩
স্থলবন্দর সমূহ	১৯২	৩,২৫,৪৮৯
ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশন	০০	৭,০২৯
মোট স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা	**৪৫৮**	**৬,৬৫,৭৫৪**

করোনাভাইরাস (COVID-19) লজিস্টিক মজুদ এবং সরবরাহ সম্পর্কিত তথ্য (সূত্রঃ সিএমএসডি, স্বাস্থ্য অধিদপ্তর)
(২৯-০৩-২০২০ পর্যন্ত সর্বশেষ আহরণ ও বিতরণ অনুযায়ী)

- অদ্যাবধি দেশের বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানে বিভিন্ন স্তরের **৩,২৫,০৭০** পিপিই সরবরাহ করা হয়েছে। বর্তমানে মজুত ৪১,৯৩০ টি।
- JAC MA Foundation (আলী বাবা) থেকে গত ২৭-০৩-২০২০ ইং তারিখে ৩০,০০০ টেস্ট কিট এবং অদ্য ২,৭০,০০০ ফেস মাস্ক ও ৩০,০০০ এন-৯৫ মাস্ক পাওয়া গেছে।

করোনাভাইরাস (COVID-19) নিয়ন্ত্রণ ও প্রতিরোধে নিম্নোক্ত গাইডলাইন সমূহ তৈরী করা হয়েছে।

১। করোনা (COVID-19) আক্রান্ত রোগীর হাসপাতাল ব্যবস্থাপনার নির্দেশনা বা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেডিওর (SOP)
২। করোনা (COVID-19) নিয়ন্ত্রণের লক্ষ্যে ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী বা Personal Protective Equipment (PPE) এর যুক্তিসংগত ব্যবহার
৩। করোনা (COVID-19) জীবানুমুক্তকরণ এবং পরিবেশগত সংক্রমণ রোধ সংক্রান্ত নির্দেশনা বা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেডিওর (SOP)
৪। বাড়িতে পরিচর্যার নির্দেশনা: করোনা (COVID-19) আক্রান্ত সন্দেহজনক রোগী, যার মৃদু সংক্রমণ রয়েছে, এবং করোনা (COVID-19) আক্রান্ত রোগী যার হাসপাতালে থাকার প্রয়োজন নেই তাদের জন্য প্রযোজ্য
৫। বিশ্বজুড়ে COVID-19 প্রতিরোধে গর্ভবতী মা ও পরিবারের করণীয়
৬। করোনা (COVID-19) সংক্রান্ত কুসংস্কার দূরীকরণ
৭। করোনা (COVID-19) ভাইরাস সংক্রমণ : মানসিক চাপমুক্ত থাকতে কি করবেন
৮। করোনা (COVID-19) ভাইরাস সংক্রমণ: শিশুদের মানসিক চাপমুক্ত থাকতে কি করবেন
৯। করোনা (COVID-19) রোগে মৃতব্যক্তির মৃতদেহ নিরাপদভাবে দাফন/ সৎকার/ ব্যবস্থাপনার নির্দেশনা বা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেডিওর (SOP)
১০। করোনা ভাইরাস রোগ/ কোভিড-১৯ আক্রান্ত ব্যক্তিদের সংস্পর্শে আসা সন্দেহে থাকা ব্যক্তিদের কোয়ারেন্টাইন সম্পর্কে জ্ঞাতব্য
১১। হাসপাতাল ও বিমানবন্দরে কোভিড-১৯ এর বর্জ্য ব্যবস্থাপনার গাইডলাইন তৈরি করা হয়েছে।
১২। করোনা মোকাবেলায় জীবাণুনাশক দ্রবণ তৈরীর নিয়ম।
১৩। করোনা)COVID-19) কেইস ডেফিনেশন।
১৪। কোভিড১৯ এবং সামজিক কুসংস্কার বা সোশ্যাল স্টিগমা-
১৫। করোনা (COVID-19) রোগী সনাক্তকরণের পরীক্ষায় অনুসরনীয় বিষয়সমূহ।
১৬। করোনা (COVID-19) এর জন্য কর্মক্ষেত্র প্রস্তুতকরণ।
১৭। হাসপাতালে করোনা সংক্রান্ত বর্জ্য পরিচালনার নিদের্শনা বা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেডিওর (এসওপি)
১৮। কোভিড-১৯ প্রাদুর্ভাব এর সময় প্রতিবন্ধিদের জন্য বিবেচ্য বিষয়সমূহ এর গাইডলাইন এর বাংলা অনুবাদ চলছে।
(https://dghs.gov.bd/index.php/bd/publication/guideline)

সেচ্ছাসেবী হিসেবে করোনাভাইরাস সংক্রমণ সংক্রান্ত তথ্য ও চিকিৎসাসেবা প্রদানে নিবন্ধনকৃত চিকিৎসক সংখ্যাঃ

মোট নিবন্ধনকৃত	কোভিড-১৯ বিষয়ক অনলাইন কোর্স সম্পন্ন করেছেন	হটলাইন সিস্টেমে চিকিৎসাসেবা ও তথ্য প্রদানে যুক্ত হয়েছেন
১৮৭৬৫	৯৬৯৫	১৩৮০

কোভিড-১৯ চিকিৎসা ব্যবস্থাপনা ও হাসপাতাল সংক্রমণ এবং নিয়ন্ত্রণের জন্য প্রশিক্ষন

চিকিৎসক	নার্স	মেডিকেল টেকনোলজিস্ট
৭১০	৪৩	১৯০টি স্বাস্থ্য প্রতিষ্ঠান

কোভিড-১৯ পরীক্ষা কেন্দ্রসমূহ

নিম্নের প্রতিষ্ঠান সমূহে কোভিড-১৯ এর পিসিআর পরীক্ষা করা হচ্ছে।

ঢাকায়	ঢাকার বাইরে
৭ টি প্রতিষ্ঠানে আইইডিসিআর, আইপিএইচ, আইসিডিডিআরবি, আইদেশী (অলাভজনক), বিএসএমএমইউ, আর্মড ফোর্সেস ইন্সটিটিউট অব প্যাথলজি, শিশু হাসপাতাল	৩ টি প্রতিষ্ঠানে বাংলাদেশ ইন্সটিটিউট অফ ট্রপিকাল মেডিসিন, চট্টগ্রাম রংপুর মেডিকেল কলেজ ময়মনসিংহ মেডিকেল কলেজ

কোভিড-১৯ চিকিৎসা কেন্দ্রসমূহঃ

কোভিড-১৯ এর জন্য সুনির্ধারিত (ডেডিকেটেড) করা হাসপাতাল এর নামঃ
১) বাংলাদেশ – কুয়েত মৈত্রী হাসপাতাল
২) সংক্রামক রোগ হাসপাতাল
৩) শেখ রাসেল গ্যাস্ট্রলিভার ইন্সটিটিউট
৪) কুর্মিটোলা জেনারেল হাসপাতাল
৫) রেলওয়ে হাসপাতাল
৬) মহানগর হাসপাতাল
৭) লালকুঠি হাসপাতাল

বেসরকারী হাসপাতাল (বিনামূল্যে)
১) সাজিদা ফাউন্ডেশন
২) রিজেন্ট হাসপাতাল (উত্তরা, মিরপুর)
৩) ইউনাইটেড হাসপাতাল (মুন্সীগঞ্জ)
৪) আকিজ গ্রুপ

(অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা)

অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।